গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি কলেজসমূহে বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ প্রকল্প
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ২য়-ব্লক, ঢাকা-১০০০

স্মারক নং: মাউশি/ফোসেপ/১১ ও ১৬ গ্রেডের জনবল নিয়োগ কমিটি (অংশ-১)/১১৮/২০২২/৩০৭৮ তারিখ : ৩০/১০/২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অধীন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'সরকারি কলেজসমূহে বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ' শীর্ষক প্রকল্পের আওতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কেবল প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য (জুন ২০২৫) নিম্নবর্ণিত শূন্য পদে সরকারি বিধি অনুযায়ী প্রদেয় পদের পাশে বর্ণিত গ্রেড অনুযায়ী (সাকুল্য বেতনে) নিয়োগ/প্যানেল তৈরির লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম | গ্রেড (সাকুল্য বেতন) | পদের সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | গ্রেড-১৬ | ০১ | ১৮-৩০ বছর মুক্তিযোদ্ধা/শারীরিক প্রতিবন্ধী/পোষ্যদের ক্ষেত্রে ৩২ বছর | ক. কোনো শিক্ষা প্রতিষ্ঠান হতে স্নাতক/সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় শ্রেণিতে উত্তীর্ণ অথবা জিপিএ ন্যূনতম ২.০০ প্রাপ্ত হতে হবে।<br>খ. কোনো সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান/প্রকল্পে কম্পিউটার অপারেটের/ডাটা এন্ট্রি অপারেটের হিসেবে কাজ করার ন্যূনতম ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>গ. বাংলা ও ইংরেজি টাইপে যথাক্রমে প্রতি মিনিটে ২৫ ও ৩০ শব্দ টাইপ করার গতি থাকতে হবে এবং Operators Aptitude টেস্টে উত্তীর্ণ হতে হবে। |

আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

(১) আবেদনকারীকে নিম্নবর্ণিত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে নিম্নলিখিত কাগজপত্রের ১ (এক) সেট (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) ফটোকপি:

(ক) জাতীয় পরিচয়পত্রসহ শিক্ষাগত যোগ্যতার সকল সনদের মূলকপি; (খ) মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/পোষ্য ও অন্যান্য কোটার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত/ প্রতিস্বাক্ষরিত সার্টিফিকেট এর মূলকপি; (গ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র ও অভিজ্ঞতা সনদ; এবং (ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের (৫×৫ সে.মি.) ৩ (তিন) কপি ছবি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

(২) প্রার্থীর বয়স বিজ্ঞপ্তি প্রচারের তারিখে ১৮-৩০ বছর হতে হবে। বয়স প্রমাণের জন্য স্বীকৃত শিক্ষা বোর্ড প্রদত্ত এসএসসি/সমমান পরীক্ষার সার্টিফিকেটে লিখিত জন্মতারিখ বিবেচনা করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য নয়।

(৩) সরকারি সমাপ্ত উন্নয়ন প্রকল্পের সমপদের জনবলের জন্য অন্য প্রকল্পে নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ১৯ সেপ্টেম্বর ২০০৪ তারিখে সম-সওব্য/টিম/-০১(২)/১১/২০০৩-১৬৫ নং স্মারক অনুসারে প্রবেশপদে বয়সসীমা শিথিলযোগ্য।

(৪) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারো সঙ্গে বৈবাহিক সূত্রে আবদ্ধ কিংবা বিবাহের জন্য অঙ্গীকারাবদ্ধ কেউ আবেদন করার যোগ্য হবেন না।

(৫) প্রাপ্ত আবেদনসমূহ যাচাইবাছাই এর পর শুধমাত্র গ্রহণযোগ্য প্রার্থীদের প্রাথমিক নির্বাচনের লক্ষ্যে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহ্বান করা হবে। ক্রটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরাসরি বাতিল বিবেচিত হবে।

(৬) শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক/ মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

(৭) সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র/নীতিমালা অনুযায়ী কোটা সম্পর্কিত সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

(৮) সকল প্রার্থীকে আবেদনপত্রের সঙ্গে প্রকল্প পরিচালক, সরকারি কলেজসমূহে বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ প্রকল্প বরাবর রাষ্ট্রায়ত্ত যে কোন ব্যাংকের শাখা থেকে অগ্রণী ব্যাংক লিমিটেড, জাতীয় প্রেসক্লাব কর্পোরেট শাখা, ঢাকা এর অনুকূলে ২০০.০০ টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে অর্ডার সংযুক্ত করতে হবে।

(৯) প্রবেশপত্র প্রেরণের জন্য প্রার্থীর ডাক যোগাযোগের ঠিকানা সম্বলিত ৪.৫”×১০” সাইজের খাম (১০.০০ টাকা মূল্যমানের ডাক টিকেটসহ) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(১০) নিয়োগ পরীক্ষার স্থান, তারিখ ও সময় প্রবেশপত্রের মাধ্যমে অবহিত করা হবে। প্রার্থীকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য কোনো প্রকার টিএ/ডি এ প্রদান করা হবে না।

(১১) চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(১২) কোনো কারণ দর্শানো ছাড়াই কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(১৩) আগ্রহী প্রার্থীকে ৩০/১১/২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রকল্প পরিচালক, 'সরকারি কলেজসমূহে বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ প্রকল্প', মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কক্ষ নং ৮০৪, ৮ম তলা, ২য় ব্লক, শিক্ষা ভবন, ১৬ আব্দুল গণি রোড ঢাকা-১০০০ এই ঠিকানায় ডাক/কুরিয়ার যোগে আবেদন পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

বি.দ্র.: যোগাযোগ (প্রয়োজনে) ০২-৪১০৫০১৩৮

# চাকরির আবেদন ফর্ম

পাসপোর্ট সাইজের ৩ কপি (৫×৫ সে.মি.) ছবি

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ক. | পদের নাম : | | | | | |
| খ. | বিজ্ঞপ্তি নম্বর : | | | | তারিখ : | |
| গ. | প্রার্থীর নাম | বাংলায় : | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) : | | | | |
| ঘ. | জাতীয় পরিচয় নম্বর/জন্ম নিবন্ধন নম্বর : | | | | | |
| ঙ. | জন্ম তারিখ : | চ. জন্মস্থান (জেলা) : | | ছ. বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স : | | |
| জ. | মাতার নাম: | | | ঝ. পিতার নাম: | | |
| ঞ. | ঠিকানা : | বর্তমান : | | স্থায়ী : | | |
| ট. | যোগাযোগ | মোবাইল/টেলিফোন নং : | | ই-মেইল (যদি থাকে) : | | |
| ঠ. | জাতীয়তা : | ড. জেন্ডার : | | ঢ. ধর্ম : | ণ. পেশা : | |
| ত. | শিক্ষাগত যোগ্যতা | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
| | | | | | | |
| থ. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : | | | | | |
| দ. | অভিজ্ঞতার বিবরণ (প্রয়োজ্য ক্ষেত্রে) : | | | | | |
| ধ. | কোটা (টিক দিন) : মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য/অন্যান্য/(প্রযোজ্য ক্ষেত্রে) | | | | | |
| ন. | ব্যাংক ড্রাফট/পে অর্ডার নং- | তারিখ : | | ব্যাংক ও শাখার নাম : | | |
| প. | বিভাগীয় প্রার্থী কিনা(টিক দিন) : হ্যাঁ/না/ প্রযোজ্য নয় | | | | | |
| | আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করিব। কোনো তথ্য অসত্য প্রমাণিত হইলে আইনানুগ শাস্তি ভোগ করিতে বাধ্য থাকিব। | | | | | |
| | তারিখ: | দিন | মাস | বছর | প্রার্থীর স্বাক্ষর | |

৩০.১০.২০২৩

ড. খন্দকার মুজাহিদুল হক
প্রকল্প পরিচালক
ফোন: ৪১০৫০১৩৬-৩৭